

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭২৯

তেলিয়ামুড়া, ৭ নভেম্বর, ২০২৪

কল্যাণপুর পঞ্চায়েত সমিতির সাধারণ সভা
কল্যাণপুর ব্লকে এমজিএন রেগায় চলতি
অর্থবছরে ৪,৯২,২৬৩ শ্রমদিবস সৃষ্টির লক্ষ্যমাত্রা

কল্যাণপুর পঞ্চায়েত সমিতি ও কল্যাণপুর বিএসির যৌথ সাধারণ সভা আজ কল্যাণপুর পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সৌমেন গোপা। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, কল্যাণপুর বিএসির চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মা, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বপ্না সরকার, বিএসির ভাইস চেয়ারম্যান মিন্টু দেববর্মা, কল্যাণপুর ব্লকের বিডিও হিমেন্দু বিকাশ পাল এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় বিধায়ক পিনাকী দাস চৌধুরী উন্নয়ন কর্মসূচি রূপায়ণে জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয়ের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, উন্নয়ন কর্মসূচি রূপায়ণের কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে।

সভায় বিডিও জানান, চলতি অর্থবছরে কল্যাণপুর ব্লকে এমজিএন রেগায় এখন পর্যন্ত ৩ লক্ষ ৪৯ হাজার ২৪১ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। ব্লকে এমজিএন রেগা, পঞ্চদশ অর্থকমিশন ও পঞ্চায়েত উন্নয়ন তহবিলে বিভিন্ন উন্নয়ন কর্মসূচির চিত্র তুলে ধরে তিনি জানান, চলতি অর্থবছরে এমজিএন রেগায় ব্লকে ৪ লক্ষ ৯২ হাজার ২৬৩ শ্রমদিবস সৃষ্টির লক্ষ্যমাত্রা রয়েছে। সভায় শিক্ষা, কৃষি, উদ্যান, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, জলসম্পদ এবং পূর্ত দপ্তরের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় কল্যাণপুর কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৪,০১৪ জন কৃষককে ধান চাষে এবং ২,৬৯৮ জন কৃষককে সজি চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে কৃষকদের ১ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়। কৃষি তত্ত্বাবধায়ক আরও জানান, রবি মরশুমে কল্যাণপুর কৃষি মহকুমায় ৩৫০ হেক্টর জমি সংকর জাতীয় ধান চাষের আওতায় আনা হবে। সভায় মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় কল্যাণপুর ব্লকে ৬১টি নতুন জলাশয় খনন ও ১০টি জলাশয় সংস্কারের কাজ চলছে। এই যোজনায় ব্লকের ৫ জন মৎস্য বিক্রেতাকে আইস বক্স সহ অটো এবং ৫ জন মৎস্য বিক্রেতাকে আইস বক্স সহ বাইসাইকেল দেওয়া হয়েছে। তাছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত ১৪ জন মৎস্যচাষিকে ৩ হাজার ৪০০ টাকা করে এবং ১২৭ জন মৎস্যচাষিকে ৬ হাজার ৪০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, কল্যাণপুর ব্লকে পিএম কিষাণ প্রকল্পের আওতায় ৫০ জন প্রাণীপালক সহায়তা পাচ্ছেন। চলতি অর্থবছরে আরও ৩৮ জন প্রাণীপালককে এই প্রকল্পের আওতায় আনা হবে।
